দৈনিক
আমাদের সময়

তারিখ ১০ JUN 2016
পৃষ্ঠা ২ কলাম ৩

একাদশ শ্রেণিতে ভর্তির সুযোগ আজ সকাল পর্যন্ত

# শিক্ষার্থীশূন্য থাকবে অনেক কলেজ

এম এইচ রবিন ●

একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন গ্রহণের নির্ধারিত সময় আজ সকাল ১০টায় শেষ হচ্ছে। এ বছর শিক্ষার্থীদের আসন সংকট হবে না বরং আসন শূন্য থাকবে অনেক শিক্ষা প্রতিষ্ঠানের। শিক্ষার্থীরা ভর্তিতে বেশি পছন্দের তালিকায় রেখেছে মহানগরী এবং জেলা সদরে অবস্থিত তুলনামূলক মানসম্পন্ন কলেজগুলো।

ঢাকা শিক্ষাবোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন গতকাল আমাদের সময়কে জানান, সন্ধ্যা ৬টা পর্যন্ত ১২ লাখ ৭৫ হাজার ৪০০ আবেদন করা হয়েছে। আবেদন করার সময় আজ সকালে শেষ হয়েছে।

একাদশ শ্রেণিতে ভর্তিতে আসন সংকট হবে না জানিয়ে এই কলেজ পরিদর্শক জানান, অনেক শিক্ষা প্রতিষ্ঠানের আসন শূন্য থাকবে। শিক্ষার্থীদের বেশি পছন্দ মহানগরী এবং জেলা সদরে অবস্থিত তুলনামূলক মানসম্পন্ন কলেজগুলো। ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর সার্ভারের তথ্য পর্যালোচনা করে দেখা যাবে কোন-কোন শিক্ষা প্রতিষ্ঠানে কত আসন শূন্য আছে।

তবে আন্তঃশিক্ষা বোর্ডের তথ্যানুযায়ী, ঢাকা বোর্ডে মোট আসন ৫ লাখের মতো। এই বোর্ডে এসএসসি পাস করেছে মোট ৩ লাখ ৬৫ হাজার। কুমিল্লা বোর্ডে মোট আসন আছে ১ লাখ ৬৫ হাজার; এই বোর্ডে পাস করেছে ১ লাখ ৩৫ হাজার। সিলেট বোর্ডে মোট আসন ১ লাখ ১৬ হাজার; এই বোর্ডে পাস করেছে ৭১ হাজার ৬০০। যশোর বোর্ডে আসন আছে ২ লাখ ৭৮ হাজার; পাস করেছে ১ লাখ ৩৬ হাজারের মতো। চট্টগ্রাম বোর্ডে আসন ১ লাখ ৯১ হাজার; পাস করেছে ১ লাখ ২ হাজার। দিনাজপুর বোর্ডে আসন ২ লাখ ৮৫ হাজার; পাস করেছে ১ লাখ ৩৪ হাজার। বরিশাল বোর্ডে আসন ১ লাখ ২৮ হাজার; পাস করেছে ৬৫ হাজারের মতো। রাজশাহী বোর্ডে আসন ৩ লাখ ২০ হাজার; পাস করেছে ১ লাখ ৪৫ হাজার। উল্লিখিত তথ্যে লাখ এবং হাজার সংখ্যায় ধরা হয়েছে।